দৈনিক
ইত্তেফাক

তারিখ ..15 JAN 2016..
পৃষ্ঠা ..৫.. কলাম ..৪..

# 'ঢাবির ঐতিহ্য শিক্ষার পরিবেশ ক্ষতি করে মেট্রোরেল নয়'

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

রাজধানীর যোগাযোগ ব্যবস্থা ও যানজট নিরসনে সরকার যে মেট্রোরেল চালুর উদ্যোগ নিয়েছে তা নি: সন্দেহে একটি যুগান্তকারী পদক্ষেপ। কিন্তু এ পদক্ষেপ বাস্তবায়নে যদি ঢাকা বিশ্ববিদ্যালয়ের' ইতিহাস-ঐতিহ্যের স্মারকচিহ্নগুলো ক্ষতিগ্রস্ত হয়, তবে তা প্রশ্নবিদ্ধ থেকে যাবে। একই সাথে এ ক্যাম্পাস দিয়ে মেট্রোরেল হলে বিশ্ববিদ্যালয় এলাকায় যানজট বাড়াবে, বাড়বে শব্দদূষণ। ফলে বিঘ্নিত হবে শিক্ষার পরিবেশ।

গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রীর উদ্দেশে 'খোলা চিঠি' পাঠকালে এ কথা বলেন প্রাণ রসায়ন বিভাগের শিক্ষার্থী তাইশা তাশরীন।